

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩২০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

ٱلْفصلُ التَّنِفْ (بَابِ الرِّيَاءِ والسمعة)

## আরবী

عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ كَانَتْ نِيَّتُهُ طَلَبَ الْآخِرَةِ جَعَلَ اللَّهُ غِنَاهُ فِي قَلْبِهِ وَجَمَعَ لَهُ شَمْلَهُ وَأَتَتْهُ الدُّنْيَا وَهِيَ رَاغِمَةٌ وَمَنْ كَانَتْ نِيَّتُهُ طَلَبَ الدُّنْيَا جَعَلَ اللَّهُ الْفَقْرَ بَيْنَ عَيْنَيْهِ وَشَتَّتَ عَلَيْهِ أَمْرَهُ وَلَا يَأْتِيهِ مِنْهَا إِلاَّ مَا كُتِبَ لَهُ» . رَوَاهُ التِّرْمِذِيِّ اللَّهُ الْفَقْرَ بَيْنَ عَيْنَيْهِ وَشَتَّتَ عَلَيْهِ أَمْرَهُ وَلَا يَأْتِيهِ مِنْهَا إِلاَّ مَا كُتِبَ لَهُ» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَرُوَاهُ أَحْمِد

سنده ضعیف ، رواه الترمذی (2465 وقال : حسن غریب) و احمد (5 / 183 ح 21925) و للحدیث الآتی یغنی عنه) \* یزید بن ابان الرقاشی زاهد ضعیف ـ

#### বাংলা

৫৩২০-[৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) বলেছেন: যে লোক (স্বীয় 'আমলে) পরকালে আল্লাহর সন্তুষ্টির নিয়াত রাখে, আল্লাহ তার হৃদয়কে (মানুষ হতে) অমুখাপেক্ষী করে দেন এবং তার অগোছালো কাজ-কর্মগুলো তিনি গুছিয়ে দেন এবং দুনিয়াবী সম্পদ তার কাছে লাঞ্ছিত হয়ে আসে। অপরদিকে যে ব্যক্তি দুনিয়া লাভের নিয়াত রাখে, আল্লাহ তা'আলা নিঃস্বতাকে তার চক্ষুর সম্মুখে করে দেন। (অর্থাৎ সে সর্বদা অভাব-অন্টনকেই দেখতে পায়), তার কাজকর্ম হজবরল হয়ে যায়। অথচ সে ইহকালীন সম্পদের কেবল তত্টুকুই পায় যতটুকু তার জন্য ধার্য রয়েছে। (তিরমিয়ী)

# ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২৪৬৫, সহীহুল জামি ৬৫১০, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ৩১৬৯, সিলসিলাতুস সহীহাহ্ ৯৪৯, শুআবুল ঈমান ১০৩৩৪, দারিমী ২২৯, আল মুজামুল আওসাত্ব ৮৮৮২।



### ব্যাখ্যা

ব্যাখ্যা : (کَانَتْ نِیَّتُهُ طَلَبَ الْآخِرَةِ) যে আল্লাহর সম্ভৃষ্টির জন্য ইলম শিক্ষা করবে এবং তদানুযায়ী 'আমল করবে। (جَعَلَ اللَّهُ غِنَاهُ فِي قَلْبِهِ) আল্লাহ তা'আলা অল্পতেই তার অন্তরে পরিতৃপ্তি দান করবেন, ফলে সে অধিক পাওয়ার জন্য কন্ট করবে না।

(وُجَمَعَ لَهُ شَمْلَهُ) তার বিক্ষিপ্ত বিষয়গুলোকে এমনভাবে অর্জন করা সহজ করে দিবেন যা সে কল্পনাই করতে পারবে না।

طَّمَتُهُ الدُّنْيَا وَهِيَ رَاغِمَةٌ) এবং দুনিয়াতে তার ভাগ্যে যা নির্ধারিত রয়েছে তা না চাইতেই তার কাছে চলে আসবে, এর জন্য অধিক পরিমাণ পরিশ্রমের দরকার হবে না।

(وَمَنْ كَانَتْ نِيَّتُهُ طَلَبَ الدُّنْيَا) আর যার উদ্দেশ্য হবে দুনিয়ার স্বার্থ হাসিল করা। আল্লাহ তা'আলা দরিদ্রতাকে তার চোখের সামনে উপস্থাপন করবেন তথা চোখের সামনে মানুষের প্রতি তার অভাব তৈরি করে দিবেন।

(وَشَتَّتَ عَلَيْهِ أَمْرَهُ) এবং তার সুসজ্জিত বিষয়গুলোকে এলোমেলো করে দিবেন। সে অনেক চেষ্টা করেও অধিক কিছু লাভ করতে পারবে না। কেবল ততটুকুই সে পাবে যা তার ভাগ্যে নির্ধারিত রয়েছে। (তুহফাতুল আহ্ওয়াযী ৬/২৪৬৫, মিরক্কাতুল মাফাতীহ)

# হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন